

# আজকাল

## বায়ার্নের পথে গৌতমের ছাত্র

সৌগত রায়: কথায় আছে ইচ্ছে থাকলে উপায় হয়। এই প্রব সত্যটাকে অক্ষরে অক্ষরে পালন করে ছাড়লেন হুগলি চুঁচুড়ার গটুর বাসিন্দা সুশান্ত মালিক। জার্মানির বায়ার্ন মিউনিখে প্রশিক্ষণ নেওয়ার সুযোগ পেয়েছেন। হিন্দুস্থান মোটরস ফুটবল আকাদেমির এই ফুটবলার জানালেন, 'বাবা, মা-র পর যদি কেউ আমার জন্য কিছু করে থাকেন সেটা গৌতম স্যার (গৌতম সরকার)। উনি না থাকলে এই জায়গায় কিছুতেই পৌঁছতে পারতাম না।' সুশান্ত ১০ দিনের প্রশিক্ষণ নিয়ে এসে সহপাঠীদের মধ্যে অভিজ্ঞতা ভাগ করে দেবেন বলে জানান। খুবই কঠিন পরিস্থিতির মধ্যে উঠে এসেছেন এই লেফট উইঙ্গার। যাবতীয় আর্থিক প্রতিকূলতা হার মেনেছে তাঁর জেদের কাছে। মূল লক্ষ্য দেশের প্রতিনিধিত্ব করা। সুশান্তর প্রশিক্ষক প্রাক্তন জাতীয় ফুটবলার গৌতম সরকার জানান, 'আগামীদিনে হিন্দুস্থান মোটরস ফুটবল আকাদেমি থেকে এরকম আরও যোগ্য ফুটবলার উপহার দিতে তাঁরা বদ্ধপরিকর।' সুশান্ত মালিকের সংবর্ধনা অনুষ্ঠানে গৌতম সরকার ছাড়াও উপস্থিত ছিলেন রাজীব সান্বেনা,



সংবর্ধনা অনুষ্ঠানে কোচ গৌতম সরকার ও হিন্দুস্থান মোটরস ফুটবল আকাদেমির কর্তাদের সঙ্গে সুশান্ত। ছবি: সৌগত রায়

শাহিদ আহমেদ, শ্যামল বিশ্বাস, শৌভিক দত্তগুপ্ত-সহ হিন্দুস্থান মোটরসের কর্তাব্যক্তির।